# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯০৮

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اعْبُدُوا الرَّحْمَنَ وَأَطْعِمُوا الطَّعَامَ وَأَفْشُوا السَّلَامَ تَدْخُلُوا الْجَنَّةَ بِسَلَام» . رَوَاهُ التِّرْمِذِيّ وَابْن مَاجَه

বাংলা

১৯০৮-[২১] ’আবদুল্লাহ ইবনু ’আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রহমানের ’ইবাদাত করো, খাবার দাও, মুসলিমদেরকে সালাম দাও; তোমরা সহজে জান্নাতে প্রবেশ করবে। (তিরমিযী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ লিগায়রিহী : আত্ তিরমিযী ১৮৫৫, ইবনু মাজাহ্ ৩৬৯৪, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৫৭১, সহীহ আত্ তারগীব ৯৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বর্ণিত কর্মসমূহ যদি তোমরা সম্পাদন করো এবং এ কর্মের উপরই মৃত্যুবরণ করো তাহলে তোমরা নিরাপদে জান্নাতে প্রবেশ করতে পারবে। তখন তোমাদের কোন ভয় থাকবে না এবং তোমরা দুশ্চিন্তাগ্রস্তও হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56468

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন